

যুগান্তর

সহপাঠীকে হয়রানির অভিযোগে জাবির ছাত্র বহিষ্কার, ৫০ হাজার টাকা জরিমানা

👤 জাবি প্রতিনিধি

🕒 ১০ জুলাই ২০২৩, ২০:৪৩:২৬ | [অনলাইন সংস্করণ](#)



যৌন হয়রানির অভিযোগ প্রমাণিত হওয়ায় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) এক শিক্ষার্থীকে আগামী ৬ মাসের জন্য বহিষ্কার ও ৫০ হাজার টাকা জরিমানা করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। সোমবার বিশ্ববিদ্যালয়ের একজন সিন্ডিকেট সদস্য এ তথ্য নিশ্চিত করেছেন।

বহিষ্কৃত ওই শিক্ষার্থী হলেন- বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের ২০১৭-১৮ শিক্ষাবর্ষের ছাত্র হাসান মো. মুবাশ্বির ফাহিম। তিনি বিশ্ববিদ্যালয়ের বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের আবাসিক ছাত্র (বর্তমানে ২১নং হলে থাকেন)।

সিন্ডিকেট সদস্য সূত্রে জানা যায়, যৌন হয়রানি করার অভিযোগ নিঃসন্দেহে প্রমাণিত হওয়ায় গত ২৫ জুন বিশেষ এক সিন্ডিকেট সভায় অর্থনীতি বিভাগের শিক্ষার্থী মুবাশ্বির ফাহিমকে ৫০ হাজার টাকা জরিমানা ও ছয় মাসের জন্য বহিষ্কার করা হয়েছে।

বহিষ্কারকালীন ওই ছাত্র বিশ্ববিদ্যালয়ের হলে অবস্থান এবং ক্লাস ও পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

এর আগে গত ২১ মে মুবাম্বির ফাহিমের বিরুদ্ধে বিশ্ববিদ্যালয়ের কমিটির কাছে সামাজিক যোগাযোগমাধ্যমে যৌন হয়রানির বিচার চেয়ে লিখিত অভিযোগ করেন ভুক্তভোগী এক ছাত্রী।

অভিযোগপত্র সূত্রে জানা যায়, গত ১৭ এপ্রিল বিকালে ভুক্তভোগী তার ইন্সটাগ্রাম এবং ফেসবুকে একটি স্টোরি শেয়ার করেন। স্টোরিতে একটি লিঙ্ক দেওয়া ছিল, যেটিতে ক্লিক করে পরিচয় গোপন রেখে মেসেজ পাঠানোর সুযোগ থাকে। তবে অভিযুক্ত ফাহিম পরিচয় গোপন না করে ওই স্টোরিতে একটি মেসেজ দেয়; যা শুধু যৌন ইঙ্গিতপূর্ণ নয়, কুরুচিপূর্ণ ও অপমানজনক ছিল বলে দাবি ভুক্তভোগীর।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2023